



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

প্রশাসন বিভাগ

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



জরুরি

অতি গোপনীয়

নম্বর: ১৩.০১.০০০০.০৩২.১১.০০১.২০.৫৭

তারিখ: ৫ মাঘ ১৪২৮

১৯ জানুয়ারি ২০২২

### অফিস আদেশ

খাদ্য অধিদপ্তরের ১০ ক্যাটাগরির ১০৩৫টি শূন্যপদে ১৩,৭২,৮৪৫ জন আবেদনকারীর ৬ষ্ঠ ও ৭ম ধাপের নিয়োগ পরীক্ষার কর্মপরিকল্পনা অনুযায়ী আগামী ২৮/০১/২০২২ তারিখে অডিটর ও ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর পদে ২৭০১৫ জন আবেদনকারীর নিয়োগ পরীক্ষা এবং আগামী ০৪/০২/২০২২ তারিখে সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর ও সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর পদে ৪২৬৭ জন আবেদনকারীর নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হবে। অনুমোদিত কর্মপরিকল্পনা অনুযায়ী ৬ষ্ঠ ধাপের অডিটর ও ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর পদে আবেদনকারীদের প্রবেশপত্র ডাউনলোড করার তারিখ ১৭/০১/২০২২ হতে ২৭/০১/২০২২ এবং ৭ম ধাপের সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর ও সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর পদে আবেদনকারীদের ২৪/০১/২০২২ হতে ০৩/০১/২০২২ তারিখ পর্যন্ত নির্ধারিত। কোন আবেদনকারী ডাটা মিসিং এর কারণে প্রবেশপত্র ডাউনলোড না করতে পারলে মিসিং ডাটা সম্পর্কে ইনফরমেশন মেসেজ মোবাইল/কম্পিউটার স্ক্রিনে দেখা যাবে। সংশ্লিষ্ট আবেদনকারী প্রবেশপত্র পাওয়ার জন্য মিসিং ডাটার স্বপক্ষে ডকুমেন্টস এসএসসি'র সনদ, জাতীয় পরিচয়পত্র এবং আবেদনের স্ক্রিপ্ট (যদি থাকে) নিয়ে খাদ্য অধিদপ্তরে আবেদনকারী নিজে উপস্থিত হয়ে মিসিং ডাটার প্রমাণক দাখিল করলে তা যাচাই বাছাই করে সঠিক পাওয়া গেলে সিল্টেম হতে জারিকৃত প্রবেশপত্র অনুস্বাক্ষর করে উপ-পরিচালক (সংস্থাপন), প্রশাসন বিভাগ এর স্বাক্ষরে প্রবেশপত্র ইস্যু করা এবং মাঠপর্যায় হতে নিয়োগ পরীক্ষা সংশ্লিষ্ট তথ্য উপাত্ত সংগ্রহ করে কর্তৃপক্ষকে অবহিত করার জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে প্রশাসন বিভাগের ১৭/১০/২০২১ তারিখের ২৮৭ নং স্মারকে নিয়ন্ত্রণ কক্ষ খোলা হয়েছিল। উক্ত নিয়ন্ত্রণ কক্ষের কর্মকর্তাগণ ৬ষ্ঠ ধাপে নিয়োগ পরীক্ষার জন্য আগামী ২৬/০১/২০২২ হতে ২৭/০১/২০২২ এবং ৭ম ধাপে নিয়োগ পরীক্ষার জন্য আগামী ২৬/০১/২০২২ হতে ২৭/০১/২০২২ তারিখ দায়িত্ব পালন করবেন।

০১	জনাব মাহমুদ আকতার মৌসুমী উপ-পরিচালক, পিপিটি শাখা, প্রশাসন বিভাগ ফোন নম্বর-০২-৪১০৫০১৬৯ মোবাইল নম্বর- ০১৭৫৫-৯৫৫১৯১	আহবায়ক
----	--	---------

০২	জনাব এ.এস.এম শামীম আহসান খাদ্য পরিদর্শক, এমআইএসএন্ডএম বিভাগ এমআইএসএন্ডএম বিভাগ, মোবাইল নম্বর- ০১৭২১-৮৯৮২৪৪ কন্ট্রোল রুম ফোন নম্বর-০২-২২৩৩৮০২১৩	সদস্য
০৩	জনাব মোঃ নুরুজ্জামান ইন্স্ট্রুক্টর, প্রশিক্ষণ বিভাগ ফোন নম্বর-০২-২২৩৩৮৬১৯৮ মোবাইল নম্বর- ০১৬৭৮-০৩৪০৭৮	সদস্য সচিব

### কমিটির কার্যপরিধি:

- (১) ৬ষ্ঠ খাপের আবেদনকারীদের প্রবেশপত্র ডাউনলোড তারিখ ১৭/০১/২০২২ হতে ২৭/০১/২০২২ পর্যন্ত
- (২) ৭ম খাপের আবেদনকারীদের প্রবেশপত্র ডাউনলোড তারিখ ২৪/০১/২০২২ হতে ০৩/০১/২০২২ পর্যন্ত
- (৩) কোন আবেদনকারীর ডাটা মিসিং থাকলে সংশ্লিষ্ট আবেদনকারী প্রবেশপত্র ডাউনলোড না করতে পারলে মিসিং ডাটা সম্পর্কে ইনফরমেশন মেসেজ মোবাইল স্ক্রিনে দেখার পর সংশ্লিষ্ট আবেদনকারী প্রবেশপত্র পাওয়ার জন্য মিসিং ডাটার স্বপক্ষে ডকুমেন্টস এসএসসি'র সনদ, জাতীয় পরিচয়পত্র এবং আবেদনের স্ক্রিপ্ট (যদি থাকে) নিয়ে খাদ্য অধিদপ্তরে নিজে উপস্থিত হয়ে মিসিং ডাটার প্রমাণক দাখিল করলে তা যাচাই বাছাই করে সঠিক পাওয়া গেলে আইআইসিটি, বুয়েট থেকে প্রাপ্ত প্রবেশপত্রে নিয়ন্ত্রণ কক্ষ/কমিটির সদস্যগণ অনুস্বাক্ষর করে উপ-পরিচালক (সংস্থাপন), প্রশাসন বিভাগ এর স্বাক্ষর নিয়ে প্রবেশপত্র ইস্যু করবেন।
- (৪) ৬ষ্ঠ ও ৭ম খাপে জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা হতে গুরুত্বপূর্ণ তথ্য উপাত্ত সংগ্রহ এবং সমস্যা সমাধান।
- (৫) এতদসংশ্লিষ্ট কার্যক্রমের প্রতিবেদন দাখিল করা।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১৯-১-২০২২

মোঃ আশরাফুল আলম

অতিরিক্ত পরিচালক

ফোন: +৮৮-০২-৯৫৮৬২১৩

ফ্যাক্স: +৮৮০-২-৯৫৫৬৫৮১

ইমেইল: dadm@dgfood.gov.bd

নম্বর: ১৩.০১.০০০০.০৩২.১১.০০১.২০.৫৭/১(১৯)

তারিখ: ৫ মাঘ ১৪২৮  
১৯ জানুয়ারি ২০২২

সদয় অবগতি / অবগতি ও প্রযোজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

- ২) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব) খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) ডঃ এস. এম. লুৎফুল করীর, অধ্যাপক ও প্রকল্প সমন্বয়কারী, আইআইসিটি, বুয়েট, ঢাকা।
- ৪) অধ্যাপক ও পরিচালক, আইআইসিটি, বুয়েট।
- ৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ।
- ৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা।
- ৭) জনাব মাহমুদা আক্তার মৌসুমী, উপ-পরিচালক, বেতন, পদোন্নতি ও প্রশিক্ষণ শাখা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৮) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশের জন্য।
- ৯) জনাব মোঃ নুরজামান, ইন্ট্রাক্টর, প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ১০) জনাব মোঃ লিয়াকত আলী, খাদ্য পরিদর্শক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা উক্ত কমিটিকে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।
- ১১) জনাব এ.এস.এম শামীম আহসান, খাদ্য পরিদর্শক, মনিটরিং এন্ড এম.আই.এস শাখা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ১২) অফিস কপি/ মাস্টার কপি।



১৯-১-২০২২

মোঃ আশরাফুল আলম  
অতিরিক্ত পরিচালক